

“প্রবাসীর কল্যাণ, মর্যাদা-আমাদের অঙ্গীকার
স্মার্ট বাংলাদেশ গড়ায় তারাং সমান অংশীদার”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
কর্মসংস্থান-০২ শাখা
www.probashi.gov.bd


নং-৪৯.০০.০০০০.০৪৪.১৮.১৫৫.২১-১৩৩

তারিখ: ২২ জানুয়ারি ২০২৪ খ্রি.

বিষয়ঃ বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (বৈদেশিক কর্মসংস্থান) ২০২৪ নির্বাচনের নিমিত্ত বিজ্ঞপ্তি ওয়েবসাইটের মাধ্যমে প্রচার।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচন নীতিমালা, ২০২১ অনুযায়ী বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (বৈদেশিক কর্মসংস্থান), ২০২৪ নির্বাচনের লক্ষ্যে আগ্রহী ও যোগ্যতা সম্পন্ন সকল রিক্রুটিং এজেন্সিগণের নিকট প্রচারের জন্য এতদসঙ্গে প্রেরিত বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বিজ্ঞপ্তি:


(শিমুল কুমার সাহা)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৪১০৩০২৫২

ইমেইল: dsemployment2@probashi.gov.bd

বিতরণঃ

- ০১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা।
- ০২। মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৩। প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৪। সভাপতি, বায়রা, ১৩০ নিউ ইস্কাটন গার্ডেন, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ০১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৩। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইক্সটেন গার্ডেন, ঢাকা-১০০০
কর্মসংস্থান-০২
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৪৪.১৮.১৫৫.২১- ৩২

তারিখ: ০৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২২ জানুয়ারি, ২০২৪ খ্রি.


বিজ্ঞপ্তি

এতদ্বারা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচন নীতিমালা, ২০২১ অনুযায়ী বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (বৈদেশিক কর্মসংস্থান), ২০২৪ নির্বাচনের লক্ষ্যে আগ্রহী ও যোগ্যতা সম্পন্ন রিক্রুটিং এজেন্সিগণের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্র: নং	ক্যাটাগরি	সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
০১	সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান)	সর্বোচ্চ ২০ জন (০৩ জন নারী উদ্যোক্তার জন্য সংরক্ষিত ও বায়রার নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক পদাধিকার বলে)	১। স্বত্বাধিকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী এবং প্রাইভেট লিমিটেড কোম্পানির ক্ষেত্রে উক্ত কোম্পানির পরিচালনা পরিষদ কর্তৃক অনুমোদিত চেয়ারম্যান বা ব্যবস্থাপনা পরিচালক সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) হওয়ার জন্য আবেদন করতে পারবে;
			২। আবেদনকারী রিক্রুটিং এজেন্টকে- (ক) সংশ্লিষ্ট মেয়াদে (২০২২ ও ২০২৩ ক্যালেন্ডার বছরে) ন্যূনতম ২,০০০ (দুই হাজার) জন কর্মীর (নারী ও পুরুষ) বৈদেশিক কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে; (খ) ন্যূনতম ১০০ জন কর্মীকে ডিম্যান্ড লেটারের মাধ্যমে বিদেশ প্রেরণ করতে হবে; (গ) ন্যূনতম ৩০০ জন বিদেশ গমনেছু কর্মীকে প্রশিক্ষণ প্রদান করতে হবে; (ঘ) আবেদনকারী আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত নন এবং বৈদেশিক কর্মসংস্থান সংক্রান্ত কোনো অভিযোগে অভিযুক্ত নন এই মর্মে হলফনামা প্রদান করতে হবে।

শর্তাবলীঃ

০১. বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.probashi.gov.bd হতে আবেদন ফরম ডাউনলোড করে পূরণপূর্বক প্রয়োজনীয় প্রমাণকসহ ই-মেইলে (sasemployment2@probashi.gov.bd) বা ডাকযোগে বা সরাসরি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।
০৩. আবেদনকারীকে নির্ধারিত আবেদন ফরমে উল্লিখিত সকল কাগজপত্র আবেদনের সাথে আবশ্যিকভাবে দাখিল করতে হবে।
০৪. নির্ধারিত সময় (২৮ ফেব্রুয়ারি, ২০২৪) এর পর দাখিলকৃত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।
০৫. অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
০৬. কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন কিংবা এতদসংক্রান্ত সকল কার্যক্রম বাতিল/ স্থগিত করার অধিকার সংরক্ষণ করে।


(শিমুল কুমার সাহা)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৪১০৩০২৫২

ইমেইল: sasemployment2@probashi.gov.bd